যুগান্তর

তারিখ 18 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

যুগোপযোগী শিক্ষায় এগিয়ে চলছে

মো. মাহবুবুর রহমান ভূঁইয়া

ডেমরার তিতাস গ্যাস আদর্শ উচ্চবিদ্যালয় যুগোপযোগী শিক্ষায় এগিয়ে চলছে। শীতলক্ষ্যার কোলঘেঁষা তিতাস গ্যাস টিঅ্যান্ডডি লিমিটেডের ডেমরা আবাসিক এলাকায় অবস্থিত ঐতিহ্যবাহী এ বিদ্যালয়। আশপাশের দৃশ্যপট দৃষ্টিনন্দন ও চোখজুড়ানো।

১৯৮৭ সালের ১৫ ফেব্রুয়ারি বিদ্যালয়টির যাত্রা শুরু হয়। এ বিদ্যালয়টির নাম প্রথমে তিতাস গ্যাস আদর্শ বিদ্যালয় রাখা হয়। পেট্রোবাংলার একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান তিতাস গ্যাস টিঅ্যান্ডডি কোং লিমিটেড পরিচালিত এ শিক্ষাপ্রতিষ্ঠান। কোম্পানির তৎকালীন আবাসিক কল্যাণ পরিষদের সভাপতি মো. মাশুরুল হকসহ শিক্ষানুরাগীদের প্রচেষ্টায় বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ের কার্যক্রম অস্থায়ীভাবে ডেমরা তিতাস গ্যাস আবাসিক এলাকায় ছোট টিনশেড ইমারতে শুরু হয়। পরে প্রতি বছর একটি করে শ্রেণী বৃদ্ধি করতে থাকেন কর্তৃপক্ষ। ১৯৯৯ সালে তিতাসের আবাসিক এলাকার পশ্চিম পাশে ৯০ শতাংশ জমির ওপর বিদ্যালয়ের নতুন ভবন ও অডিটোরিয়াম নির্মাণ করা হয়। বর্তমানে নতুন ভবনেই বিদ্যালয়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে।

আরও জানা যায়, প্রাথমিক পর্যায়ে ২২৪ জন শিক্ষার্থী নিয়ে এ বিদ্যালয়ের পথচলা শুরু। বর্তমানে দশম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থী ১১৫০ জন। ৪ তলা ভবনবিশিষ্ট এ বিদ্যালয়ে ছাত্র সংখ্যা ৫৫০ জন ও ছাত্রী সংখ্যা ৬০০। উন্নত ও যুগোপযোগী শিক্ষার মান নিয়ন্ত্রণের লক্ষ্যেই প্রতিষ্ঠানটি আজও শিক্ষানীতি মেনে কম সংখ্যক শিক্ষার্থী ভর্তি করছে। এতে বিদ্যালয়টির সাফল্যের ধারা অব্যাহত রয়েছে।

১৯৯০ সালের জুলাই মাস থেকে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাসহ যাবতীয় ব্যয় তিতাস গ্যাস টিঅ্যান্ডডি কোম্পানি লিমিটেড বহন করে আসছে। বর্তমানে এখানে ৪০ জন শিক্ষক-শিক্ষিকা কাজ করছেন। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর সংখ্যা ১৮ জন। বিদ্যালয়ের ৩০টি কক্ষের ৪টি কক্ষ প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, শিক্ষক মিলনায়তন, অফিস ও নামাজ কক্ষ হিসেবে ব্যবহৃত হচ্ছে। বাকি ২৬টি শ্রেণী কক্ষ, কম্পিউটার ল্যাব, সংরক্ষণাগার, বিজ্ঞানাগার, পাঠাগার, আইটি, হিসেবে ব্যবহৃত হচ্ছে। বর্তমানে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন মো. আমজাদ হোসেন। সহকারী প্রধান শিক্ষক হিসেবে রয়েছেন মো. ওবায়দুল ইসলাম। বিদ্যালয়টিতে ৭ সদস্যবিশিষ্ট পরিচালনা কমিটি রয়েছে। আর পরিচালনা পরিষদের সভাপতি হচ্ছেন কোম্পানির পরিচালক-অর্থ (অতিরিক্ত দায়িত্ব) ও উপ-মহাব্যবস্থাপক (হিসাব) শংকর কুমার দাস। শুরু থেকেই সংশ্লিষ্ট সবার অক্লান্ত পরিশ্রম ও স্বতঃস্ফূর্ত সাধনার বলেই এ বিদ্যালয়ের শিক্ষার্থীরা যে কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় সমর্থ হয়। পাবলিক পরীক্ষায় ছাত্রছাত্রীরা অভূতপূর্ব সাফল্য লাভ করে আসছে। কর্তৃপক্ষ প্রতি বছর আন্তঃহাউস ক্রীড়া প্রতিযোগিতা ও শিক্ষা সফরসহ নানা সহপাঠ কার্যক্রমের আয়োজন করে আসছে। এ বিদ্যালয়ের কৃতী ছাত্র প্রকৌশলী মো. মাহমুদ-উর-রহমান ভূঁইয়া যুগান্তরকে বলেন, শুরু থেকেই তিতাস গ্যাস আদর্শ উচ্চবিদ্যালয় প্রকৃত শিক্ষা, সুশৃঙ্খল আচরণ, উন্নত মানসিকতা ও চারিত্রিক দৃঢ়তায় সমৃদ্ধ করে আলোকিত মানুষ গড়ার অনন্য প্রতিষ্ঠান হিসেবে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। এ বিদ্যালয়ে অনেক মেধাবী ছাত্র ছাত্রী দেশ-বিদেশে আজ সুপ্রতিষ্ঠিত।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আমজাদ হোসেন যুগান্তরকে বলেন, ঐতিহ্যবাহী স্বনামধন্য এ বিদ্যাপীঠ সময়ের সঙ্গে পাল্লা দিয়ে সর্বোচ্চ সফলতা নিয়ে এগিয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা আধুনিক বিশ্বের সঙ্গে পাল্লা দিয়ে সামনে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণায় উজ্জীবিত হবে। পাশাপাশি এলাকাবাসীর দাবি অনুযায়ী বিদ্যালয়টি দ্বাদশ শ্রেণী পর্যন্ত উন্নীত হলে এখানকার অসংখ্য মেধাবী শিক্ষার্থী এখানে অধ্যয়ন করতে পারবে।

সরেজমিন শিক্ষা প্রতিষ্ঠান

তিতাস গ্যাস আদর্শ উচ্চবিদ্যালয়

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
চিঠি নং .....
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কর্মকর্তা
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর